যুগান্তর

22 MAY 2017

# ন্যাশনাল গার্লস প্রোগ্রামিং ক্যাম্পে সনদ পেল ৪২ শিক্ষার্থী

প্রথমবারের মতো আয়োজিত ন্যাশনাল গার্লস প্রোগ্রামিংয়ের আবাসিক ক্যাম্পে ৪২ শিক্ষার্থীকে আয়োজন শেষে সনদ দেয়া হয়েছে।

শনিবার সরকারের তথ্যপ্রযুক্তি বিভাগের উপসচিব মাহবুবে পান্না ও বাংলাদেশ ওপেন সোর্স নেটওয়ার্কের সাধারণ সম্পাদক মুনির হাসান শিক্ষার্থীদের হাতে সনদ তুলে দেন।



পুরস্কারপ্রাপ্ত শিক্ষার্থীরা

উপসচিব মাহবুবে পান্না এ সময় শিক্ষার্থীদের এ ধরনের ক্যাম্প অব্যাহত রাখা হবে বলে আশ্বাস দেন।

এর আগে সকালে অংশগ্রহণকারীরা দলীয়ভাবে ক্যাম্প মূল্যায়নে অংশ নেয়। ক্যাম্পে অংশগ্রহণকারী বয়োকনিষ্ঠ রাজশাহী বিশ্ববিদ্যালয় স্কুলের ৭ম শ্রেণীর ছাত্রী রুবাইয়াত জালাল জানায়, এ ক্যাম্পের মাধ্যমে তার অনেক বিষয় খোলাসা হয়েছে যা তাকে আগামী দিনে আরও এগিয়ে যেতে সাহায্য করবে।

ঢাকা সিটি কলেজের হাসনা হেনা এমন আয়োজনের জন্য আয়োজকদের ধন্যবাদ জানিয়ে বলেন, ক্যাম্পের সবকিছুই তার পছন্দের ছিল।

ক্যাম্পের প্রশিক্ষকদের মধ্যে ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক বিএম মইনুল হক, দ্বিমিক কম্পিউটার স্কুলের প্রধান নির্বাহী তাহমিদ রাফি, হ্যাকার রেঙ্কের প্রবলেম কিউরেটর সাফায়েত আশরাফ, প্রোগ্রামিং প্রতিযোগিতার প্রশিক্ষক ও প্রবলেম সেটার লাবীব রশীদ, ফাহিম ফেরদৌস, মনজুরুল হুদা প্রমুখ।

জাজিং প্লাটফর্ম কোড মার্শালের প্রধান নির্বাহী মাহমুদুর রহমান ক্যাম্প পরিচালনা করেন।

তথ্যপ্রযুক্তি বিভাগ ২০১৭ সালে শুধু মেয়েদের জন্য ন্যাশনাল গার্লস প্রোগ্রামিং প্রতিযোগিতার আয়োজন করে গত ৯ মে। সেই আয়োজনে দেশের ৭৯টি প্রতিষ্ঠানের ১০২টি দল অংশ নেয় এবং ১৬টি দল বিজয়ী হয়। বিজয়ীদের নিয়ে ঢাকার লালমাটিয়াতে গত ১৭ মে থেকে এই আবাসিক ক্যাম্প শুরু হয়েছিল।

বাংলাদেশ ওপেন সোর্স নেটওয়ার্ক এ আয়োজনে বাস্তবায়ন সহযোগী ও কোড মার্শাল জাজিং প্লাটফর্ম হিসেবে কাজ করেছে। টেকশহর।

**—আইটি ডেস্ক**